

চলো ফিরে যাই

আর একবার এবং সেই শেষবার বলো
 সৃষ্টি, আমরা ইতিহাস নই।
 ইতিহাস আমাদের পেছনের
 দেয়ালের মানচিত্রে বর্ণ আঁকো
 বাংলার রূপসী গঞ্জে সবুজ
 হয়ে আছে বনলতা সেন
 যেমন জীবনানন্দ।
 তুমি আমি পাণ্ডুলিপির সুবন্ধ
 স্নেহময় অঙ্ককার হতে ত্রমশঃ
 বাঁচা আর বাঁচার আমূল প্রত্যাশায়
 ফিরে যাবো ধূলিময় বালুকণায়।
 শোষণ আর শাসনের সৃষ্টিবদ্ধ
 করতলে, সেখানে সবুজ নিশানে সূর্য।
 বুকের মধ্যে শয়তানের ডিম
 পুষে তা দেওয়া আর নয়,
 আর নয় দুঃখের আড়ালে
 দাঁড়িয়ে সুখ অন্বেষণ।
 সৃষ্টি চলো, ফিরে যাই
 ফেস্‌টুনের মিছিলে।
 আর একবার এবং সেই শেষবার
 ইতিহাস, সে আসবে আমাদের পেছনে।

সঞ্চিতা কীর্তনীয়া

